

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া  
www.sarail.brahmanbaria.gov.bd


**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ সংশোধিত এসআরও নং-৩৩৬-আইন/২০১৬, তারিখ ১৩/১১/২০১৬ খ্রি. এ প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী অত্র সরাইল উপজেলাধীন নিম্নোক্ত ইউনিয়ন পরিষদসমূহের জন্য নিম্নবর্ণিত ছকে উল্লিখিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে “মহল্লাদার” পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	ইউনিয়ন পরিষদ	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা	বেতন
০১	সরাইল সদর	মহল্লাদার	০১	০৭	জেএসসি/অষ্টম	<b>পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে:-</b> উচ্চতা: সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ: ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন: সর্বনিম্ন ৫০ কেজি <b>মহিলা প্রার্থীদের ক্ষেত্রে:-</b> উচ্চতা: সর্বনিম্ন ৫ ফুট, বুকের মাপ: ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন: সর্বনিম্ন ৪৫ কেজি	মাসিক সাকুল্য বেতন ৬,৫০০/- টাকা ও অন্যান্য সুবিধাদি (সরকার নির্ধারিত)
০২	চুন্টা	মহল্লাদার	০৩	০১, ০৪ এবং ০৯	শ্রেণী পাস		
০৩	শাহজাদপুর	মহল্লাদার	০৫	০১, ০৩, ০৫, ০৮ এবং ০৯			
০৪	শাহজাদপুর	মহল্লাদার	০২	০৩ এবং ০৭			
০৫	পানিশ্বর	মহল্লাদার	০২	০৫ এবং ০৯			
০৬	কালিকছ	মহল্লাদার	০২	০২ এবং ০৪			
০৭	অরুয়াইল	মহল্লাদার	০৪	০৫, ০৬, ০৮ এবং ০৯			
০৮	পাকশিমুল	মহল্লাদার	০৪	০২, ০৪, ০৬ এবং ০৯			

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, বয়স, শিক্ষাগত যোগ্যতা, শারীরিক মাপ, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
  - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানার সনদ পত্র।
  - প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
  - প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
  - প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।
  - প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনির ক্ষেত্রে পিতা/মাতা/নানা/নানী/দাদা/দাদীর অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
  - নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকেট লাগানো ৯ ইঞ্চি : ৪ ইঞ্চি আকারে একটি ফেরত খাম।
- নিয়োগের ক্ষেত্রে মেধাক্রম, শারীরিক ও মানসিক যোগ্যতাসহ সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।
- ১৬ জুলাই, ২০২৪ খ্রি. তারিখে মহল্লাদার পদে প্রার্থীর বয়স জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনির ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন গ্র্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আগামী ১৪ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।
- সকল কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বাছাই পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- পিতা বা স্বামীর স্থায়ী ঠিকানাই প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে বিবেচিত হবে, সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে নিকটবর্তী অন্য ওয়ার্ড থেকে প্রার্থী নিয়োগ করা হবে।
- আবেদনের উপর কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং কোনরূপ কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তনসহ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ অংশ পরিবর্তন/বাতিরেল ক্ষমতা সংরক্ষণ করেন।

  
মো.:মেজবা উল আলম ভূঁইয়া  
উপজেলা নির্বাহী অফিসার  
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া

islam

স্মারক নং-০৫.৪২.১২৯৪.০০০.০২.০৫৭.২৪-৪৬৬

তারিখ: ১৬/০৭/২০২৪ খ্রি

অনুলিপি: ০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া। সদয় অবগতির জন্য।

০২। অফিসার ইনচার্জ, সরাইল থানা

০৩। উপজেলা প্রকৌশলী, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া

০৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া

০৫। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল), সরাইল। বিজ্ঞপ্তিটি ইউনিয়নের সকল ওয়ার্ডে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।



উপজেলা নির্বাহী অফিসার  
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া

ইসলাম